গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
তথ্য ও অভিযোগ শাখা
www.sirajganj.gov.bd

সভার কার্যবিবরণী ২০ অক্টোবর ২০২৪

সভাপতি	মোহাম্মদ তোফাজ্জল হোসেন জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	২০ অক্টোবর ২০২৪ খ্রি.
সভার সময়	দুপুর ১১.১৫ ঘটিকা
স্থান	শহিদ এ. কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে জনাব রোজিনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), সিরাজগঞ্জ কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। বিগত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সিরাজগঞ্জ জেলার প্রতিটি দপ্তরকে নিজ নিজ দপ্তরের অফিসিয়াল ওয়েবসাইটে সংশ্লিষ্ট যাবতীয় তথ্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক আহবান জানানো হয়। এরপর, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সদস্যবৃন্দ এ সংক্রান্ত আলোচনায় অংশ গ্রহণ করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক নং	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ	জেলার সকল অফিস প্রধান কর্তৃক তাঁর নিয়ন্ত্রণাধীন সকল অফিসে (কর্তৃপক্ষ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ/হালনাগাদ কার্যক্রম নিশ্চিতকরণ এবং প্রয়োজনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(২)	তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন	তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(৩)	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে বহুল প্রচার-প্রচারণা অব্যাহত রাখা এবং প্রসারের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা তথ্য কর্মকর্তা, সিরাজগঞ্জ
(৪)	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে নিজ নিজ ওয়েবসাইট এবং বিভিন্ন সভা সমাবেশে এ সংক্রান্ত প্রচার প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা তথ্য কর্মকর্তা, সিরাজগঞ্জ ২। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ

(৫)	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়	জেলা পর্যায়ে তথ্য অধিকার বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার নিমিত্ত মাসিক উন্নয়ন সমন্বয় সভায় আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(৬)	তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান	তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদানের নিমিত্ত প্রতি দু'মাসে একবার সভায় মিলিত হওয়ার এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় ও জেলা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(৭)	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(৮)	নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ	নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
(৯)	বিবিধঃ তথ্য অধিকার আইন বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ	যে সকল কর্মকর্তা তথ্য অধিকার আইন বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করে সার্টিফিকেট জমা দান করেননি, তাদের অতিসত্বর অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সনদের কপি তথ্য ও অভিযোগ শাখায় দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়।	১। জেলা পর্যায়ের সকল দপ্তর, সিরাজগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০-১০-২০২৪
মোহাম্মদ তোফাজ্জল হোসেন
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
০২৫৮৮৮৩০৩৩৫
dcsirajganj@mopa.gov.bd

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০০০.২০.০০১.২৩.৪০৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা;
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ;
৫। মেডিকেল অফিসার (সিএস), ডেপুটি সিভিল সার্জনের শাখা, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ;
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, সিরাজগঞ্জ ;
৮। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ;
৯। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ;
১০। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সিরাজগঞ্জ;

১১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ;
১২। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ, ;
১৩। জেলা শিক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ;
১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিরাজগঞ্জ;
১৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ;
১৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
১৭। অধ্যক্ষ, সবুজ কানন স্কুল এন্ড কলেজ, সিরাজগঞ্জ;
১৮। সভাপতি, জেলা প্রেস ক্লাব, সিরাজগঞ্জ;
১৯। সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সিরাজগঞ্জ;
২০। জেলা ব্যাংক সমন্বয়ক, সিরাজগঞ্জ এবং
২১। পরিচালক, মানব মুক্তি সংস্থা, সিরাজগঞ্জ।

২০-১০-২০২৪
মোহাম্মদ তোফাজ্জল হোসেন
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)